আজকের কাগজ

তারিখ ... 23 OCT 1995 ...
পৃষ্ঠা ৪ কলাম ৪

## এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজঃ সমস্যা এবং আশ্বাস

উত্তরবঙ্গ তথা বাংলাদেশের অন্যতম শ্রেষ্ঠ বিদ্যানিকেতন পাবনার এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজ। এই কলেজটি ব্রিটিশ আমলে (১৮৯৮ ইং) (প্রায় ১০০ বৎসর পূর্বে) প্রতিষ্ঠিত হবার পর থেকেই সাফল্যের সঙ্গে এর উদ্দেশ্য সাধনে এগিয়ে চলছে। কিন্তু বিগত সরকারের শুভ দৃষ্টি না থাকায় এই বিশ্ববিদ্যালয় কলেজের কোনো প্রকার উন্নতি হয়নি।

বর্তমান সরকার দেশের ৫টি বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করার উদ্যোগ নিয়েছেন এবং ঘোষণাও দিয়েছেন। কিন্তু এর মধ্যে এডওয়ার্ড বিশ্বদ্যািলয় কলেজ না থাকায় কলেজের সর্বস্তরের ছাত্র-ছাত্রী এবং অভিভাবক মহল অত্যন্ত হতাশ ও ক্ষুব্ধ হয়েছে। কেননা পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় করার জন্য প্রয়োজনীয় সকল অবকাঠামো ও অন্যান্য বিবেচনায় একমাত্র জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ব্যতীত অন্য যে কোনো কলেজের তুলনায় এডওয়ার্ড বিশ্ববিদ্যারয কলেজ অগ্রাধিকার পাবার যোগ্য। তাছাড়া মাননীয়া প্রধানমন্ত্রী কয়েক বৎসর পূর্বে পাবনায় এলে তিনি পাবনাবাসীদেরকে আশ্বাস দিয়েছিলেন যে, পাবনার এডওয়ার্ড বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে পরিণত করা হবে। বর্তমান সরকার ক্ষমতায় আসার পর বিভিন্ন সময়ে সরকারের কয়েকজন মন্ত্রী কলেজের উন্নয়নের জন্য বিভিন্ন আশ্বাস দিয়েছেন। প্রধানমন্ত্রীর তরফ থেকে ১টি বাস ছাত্র-ছাত্রিদের উপহারস্বরূপ পাওয়া গেছে। এখানে উল্লেখ করতে হয় যে, কলেজে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীর সংখ্যা ৮ হাজারেরও বেশি। শিক্ষক-শিক্ষিকার পদের সংখ্যা মাত্র ১০২টি এবং শিক্ষক-শিক্ষিকার সংখ্যা মাত্র ৮৮ জন। কলেজটিতে ১৩টি বিষয়ে মাষ্টার্স ও ১২টি বিষয়ে অনার্স কোর্স রয়েছে।

কলেজটিতে বিভিন্ন কোর্সে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর তুলনায় শিক্ষক-শিক্ষিকার সংখ্যা অতি নগণ্য। উক্ত ছাত্র-ছাত্রিদের জন্য ১টি বাস নিতান্তই অপ্রতুল। তাছাড়া বর্তমান বিএনপি সরকারের মন্ত্রী বদরুদ্দোজা চৌধুরীও কলেজের জন্য ২টি বাস দেবার কথা বলেছিলেন। শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকারও কলেজ কর্তৃপক্ষের নিকট থেকে কলেজের বিভিন্ন সমস্যার কথা শুনে তা সমাধানের আশ্বাস দেন এবং শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ ইউনুস সাহেবও কলেজ পরিদর্শন করেন এবং সমস্যা সমাধানের দ্রুত ব্যবস্থা গ্রহণের ঘোষণা দেন।

এ ব্যাপারে সংশ্লিষ্ট মহলের নিষ্ক্রিয়তায় ছাত্র-ছাত্রী ও অভিভাবক মহল সকলেই হতাশ হয়েছে। এ বছর নবীন বরণ অনুষ্ঠানে স্থানীয় সংসদ সদস্য ঘোষণা দিলেন যে, মাত্র ৭ দিনের মধ্যেই কলেজ ক্যাম্পাসে কার্ডফোন সংযোগ দেয়া হবে। ৭ দিন তো দূরের কথা প্রায় ৫ মাস হয়ে আসছে অথচ কোনো কার্ডফোন সংযোগ দেয়া হয়নি।

তাই কলেজের বিভিন্ন সমস্যা সমাধানে মন্ত্রিদের দেয়া ওয়াদা দ্রুত বাস্তবায়ন ও পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের জন্য সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের কাছে জোরালো দাবি জানাচ্ছি।

আজম
*ঝিগাতলা, ঢাকা*